৭৫

আজকের কাগজ

তারিখ 30 AUG 1995
পৃষ্ঠা ২ কলাম ৪

# মার্কসীটের অভাবে এবার ভর্তি সংকট তীব্র হচ্ছে

কাগজ প্রতিবেদক ঃ উচ্চ মাধ্যমিকে মেধাভিত্তিক ভর্তির ব্যবস্থা থাকলেও মার্কসীটের অভাবে ঢাকার ভাল কলেজগুলোতে এবার মফস্বলের ছেলেমেয়েরা ভর্তি হতে পারবে না।

ভর্তির জন্যে একমাত্র মার্কসীটের প্রয়োজন। কিন্তু, দেশের প্রায় সব মফস্বল শহরে, গ্রামে এমনকি জেলা শহরেও স্কুলগুলোতে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের মার্কসীট এখন পর্যন্ত পৌঁছেনি। এদিকে, ঢাকা কলেজ, নটরডেম কলেজসহ ঢাকার বেশ কয়েকটি কলেজে ভর্তির আবেদনের নির্ধারিত তারিখ আজই শেষ হবে। অথচ শুধু মার্কসীটের অভাবে বহু ছেলে-মেয়ে ঐ সব কলেজে আবেদন করার সুযোগ পাচ্ছে না। এতে করে মফস্বলের মেধাবী ছেলে-মেয়েরা ভাল কলেজগুলোতে ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হবে।

মফস্বলের ছাত্র-ছাত্রীদের কথা বিবেচনা করে ঢাকা কলেজসহ অন্যান্য কলেজগুলোতে ভর্তির আবেদনের সময়সীমা বাড়ানোর জন্য দাবি জানিয়েছেন অভিভাবকমহল।